=১=

ঢাকা ওয়াসা

বিষয়ঃ কমন সার্ভিস বিভাগের অনুকূলে ১৫,০০০/-(পনের হাজার) টাকা ইমপ্রেস্ট ফান্ড মঞ্জুরকরন প্রসঙ্গে।

১। কমন সার্ভিস বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। এই বিভাগ হতে ৫টি দপ্তর অর্থাৎ চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রঃ) মহোদয়ের দপ্তর, সচিব মহোদয়ের দপ্তরসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের উপদেষ্টার অফিস ও কমন সার্ভিস বিভাগের যাবতীয় অফিসের দৈনন্দিন আপ্যায়ন ও পণ্য সামগ্রী (বিস্কুট, কফি, কফিমেট, চা, চিনি, দুধ, টিস্যু বক্স, টয়লেট টিস্যু, কলম, ব্যাটারী, সাবান, ম্যানেজমেন্ট ডাইরী, ওয়াসা ভবনের ৪র্থ তলায় মহিলাদের নামাজ ঘরের কাপড় ধোলাই ও বিভিন্ন ক্লিনিং মালামালসহ অন্যান্য) ক্রয় করে সরবরাহ করা হয়। এছাড়া কমন সার্ভিস বিভাগ হতে বিভিন্ন টেন্ডার এর মাধ্যমে স্টেশনারী, প্রিন্টিং ও টোনার কার্টিজ, কম্পিউটার বিল ফরম ক্রয় করে ঢাকা ওয়াসার সমস্ত বিভাগ/অফিসে সরবরাহ করা হয়। এতে প্রচুর কাগজপত্র ফটোকপি করার প্রয়োজন হয়। সময়ে সময়ে ফটোকপি মেশিন সার্ভিসিং ও টেলিফোন লাইনের তার ক্রয় করা হয়। তাছাড়া কমন সার্ভিস বিভাগে গাড়ী বরাদ্দ থাকায় জরুরী ভিত্তিতে বিভিন্ন সময়ে গাড়ীর যাবতীয় খুচরা ব্যয় নির্বাহ করা হয়।

২। উল্লেখ্য, প্রায় ২০(বিশ) বছর পূর্বে অত্র বিভাগের অনুকূলে ১০,০০০/-(দশ হাজার) টাকার ইমপ্রেস্ট অনুমোদন দেয়া হয়। দীর্ঘ ২০ বছরেও ইমপ্রেস্টের পরিমাণ বৃদ্ধি করা হয়নি। এছাড়া প্রত্যেক দপ্তরে খরচের পরিমাণ পূর্বের তুলনায় বহুগুনে বৃদ্ধি পেয়েছে। বর্তমান বাজারে দ্রবমূল্য বৃদ্ধি পাওয়ায় পূর্বের বরাদ্দকৃত ১০,০০০/-(দশ হাজার) টাকা ইমপ্রেস্ট দ্বারা উল্লেখকৃত গুরুত্বপূর্ণ দপ্তরসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের উপদেষ্টা ও অত্র দপ্তরের ব্যয় নির্বাহ করা কোনভাবেই সম্ভবপর হচ্ছে না বিধায় ইমপ্রেস্ট ফান্ডের পরিমাণ বৃদ্ধি করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, বর্তমান দ্রব্যমূল্যের উর্বর্ধগতির প্রেক্ষাপটে উল্লেখকৃত গুরুত্বপূর্ণ দপ্তরগুলোর দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য কমন সার্ভিস বিভাগের অনুকূলে বিদ্যমান ১০,০০০/-(দশ হাজার) টাকার ইমপ্রেস্টের স্থলে ১৫,০০০/-(পনের হাজার) টাকার ইমপ্রেস্ট সদয় অনুমোদন করা যেতে পারে।

অরুন কুমার পোদ্দার
অফিস সুপারিনটেনডেন্ট
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

AS(CS)

DS(CS)

৪। নোট অনুচ্ছেদ-১ হতে ৩ এর বর্ণনার আলোকে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার বর্তমান সচিব মহোদয় অন্যত্র বদলি হওয়ায় এবং তদস্থলে নতুন সচিব যোগদান না করায় নথিখানা সরাসরি ডিএমডি(প্রশাসন) বরাবর প্রেরণ করা হলো। অতএব, নথির নোট অনুচ্ছেদ-১ও২ এর বর্ণনার আলোকে নোট অনুচ্ছেদ-৩ এর প্রস্তাব সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

১৯/২/১৯

এস,এম রিয়াদ হোসেন
উপ-সচিব (চঃদাঃ)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা

DMD (Ad)

৫।

AS(CS)

DS(CS)

৬। পূর্ব পৃষ্ঠার নোট অনুচ্ছেদ-১ থেকে ৫ সদয় দেখা যেতে পারে। নোট অনুচ্ছেদ-৫ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রঃ) মহোদয়ের জিজ্ঞাসার প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়াসা সচিবালয়ের ৩য় তলার গুরুত্বপূর্ণ ৫টি দপ্তরসহ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের উপদেষ্টার অফিস ও অন্যান্য ক্ষেত্রে প্রতিমাসে ২(দুই)টি ইমপ্রেস্ট উত্তোলন পূর্বক অর্থাৎ ২(দুই)টি ইমপ্রেস্ট বাবদ ব্যয় নির্বাহ করা হয়।

২২/০২/২০১৭
অরুন কুমার পোদ্দার
অফিস সুপারিনটেনডেন্ট
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

২২/২/১৭
AS (CS)
মোঃ সিরাজ উদ্দিন
সহকারী সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

২২/২/১৭
এস. এম. রিয়াজ হোসেন
উপ-সচিব (চ:দা:)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা

সচিব / উব্যপ (প্রশাসন)

৭। কমন সার্ভিসেস বিভাগের ব্যয় নির্বাহ করার নিমিত্ত পূর্ব পৃষ্ঠার বর্ণিত ১-৬ নং নোটানুচ্ছেদের আলোকে পূর্বে/বিদ্যমান ইমপ্রেস্ট অর্থ বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা এর পরিবর্তে ১৫,০০০/- (পনের হাজার) টাকায় উন্নীত করে প্রশাসনিক অনুমোদন প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারে।

১৫/৩/১৭
মোঃ মাহমুদ হোসেন
যুগ্ম-সচিব
উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন)
ঢাকা ওয়াসা।

ব্যবস্থাপনা পরিচালক

মোঃ মাহমুদ হোসেন
যুগ্ম-সচিব
উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন)
ঢাকা ওয়াসা।

Ok
15/3/17
মোঃ তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

DMD (A)
সচিব
মোঃ মাসুদ করিম
সচিব
ঢাকা ওয়াসা

১৬/৩/১৭
মোঃ মাহমুদ হোসেন
যুগ্ম-সচিব
উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন)
ঢাকা ওয়াসা।

AS (CS)
১৯/৩/১৭

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
"ওয়াসা ভবন"
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।

স্মারক নং-৪৬.১১৩.২০৩.০০.০০.১৫৫.২০১৫/ ১৫২ তারিখ ঃ১৯/০৩/২০১৭ খ্রিঃ

অফিস সার্কুলার

কর্তৃপক্ষের কাজের স্বার্থে কমন সার্ভিস বিভাগ এর স্থায়ী দাদন ১০,০০০/-(দশ হাজার) টাকার স্থলে ১৫,০০০/-(পনের হাজার) টাকায় উন্নীত করার প্রস্তাব ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে,
স্বা/-
(এস,এম রিয়াদ হোসেন)
উপ-সচিব (চঃ দাঃ)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

স্মারক নং-৪৬.১১৩.২০৩.০০.০০.১৫৫.২০১৫/ ১৫২ তারিখ ঃ১৯/০৩/২০১৭ খ্রিঃ

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ

১. উপ-ব্যবস্থাপনা পরিচালক(প্রশাসন)/(ও এন্ড এম)/(আর পি এন্ড ডি)/(অর্থ), ঢাকা ওয়াসা।
২. সচিব, ঢাকা ওয়াসা।
৩. প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা ।
৫. সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (এম.আই.এস/জি.আই.এস)/ প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
৬. আইন কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
৭. উপ-সচিব,--ঢাকা ওয়াসা।
৮. উপ-প্রধান নিরাপত্তা ও গোয়েন্দা কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
৯. উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
১০. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ঢাকা ওয়াসা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. রেকর্ড কিপার, সচিবালয়, ঢাকা ওয়াসা।

O/C

১৯/৩/১৭
উপ-সচিব (চঃ দাঃ)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

D:\Office\Off. Adesh Nird. Circu. Lett.docx